



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে শুন্দসুরে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হল নিউইয়র্কে

নিউইয়র্ক, ২৫ মার্চ ২০১৮:

আজ নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল অডিটোরিয়ামে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্কের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারি ও তাঁদের পরিবারের সদস্যগণ স্থানীয় সময় রাত ১০ টায় সমবেত কঠে শুন্দসুরে জাতীয় সঙ্গীত পরিবেশন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে রাজধানী ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পরিবেশিত জাতীয় সঙ্গীতের সাথে কর্তৃ মিলিয়ে সবাই গেয়ে ওঠেন ‘আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি..’।

বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশীগণও যোগ দেন অনুষ্ঠানটিতে। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন ও নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের কনসাল জেনারেল শামীম আহসান এর উপস্থিতিতে উৎসবমূখ্য পরিবেশে হাতে জাতীয় পতাকা নিয়ে একযোগে জাতীয় সঙ্গীতের পরিবেশনা এক আবেগঘন পরিবেশনের সৃষ্টি করে। গৌরবান্বিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, স্বাধীন বাংলাদেশ বেতার কেন্দ্রের শিল্পী ও মুক্তিযোদ্ধা শহীদ হাসানসহ নিউইয়র্ক প্রবাসী বিপুল সংখ্যক শিল্পী এবং সংস্কৃতি কর্মীগণ।

বাংলাদেশ স্থায়ী মিশন ও কনস্যুলেট জেনারেল যৌথভাবে অনুষ্ঠানটির আয়োজন করে।
